

যশোর শিক্ষাবোর্ডে ৭৭টি পদ শূন্য : কাজে স্থবিরতা

যশোর অফিস

প্রবিধিমালা না থাকায় যশোর শিক্ষা বোর্ড প্রতিষ্ঠার পর ৪৬ বছরেও কর্মকর্তা-কর্মচারীদের নির্দিষ্টসংখ্যক পদ সৃষ্টি করা যায়নি। অর্ধ শতাব্দীকাল ধরেই সৃষ্ট পদে লোক নিয়োগের মাধ্যমে বোর্ডের নিজস্ব নিয়মে কাজকর্ম চলছে। এসব পদেরও ৭৭টি অবসর ও মৃত্যুজনিত কারণে শূন্য হওয়ায় নতুন করে লোক নিয়োগ করা যাচ্ছে না। ফলে ওই শিক্ষাবোর্ডে দৈনন্দিন কার্যক্রমে স্থবিরতা দেখা দিয়েছে।

যশোর শিক্ষাবোর্ডে ২৪৩টি সৃষ্টপদে কর্মকর্তা-কর্মচারী কর্মরত ছিলেন। অবসর, মৃত্যু প্রভৃতি কারণে এর মধ্যে ৭৭টি পদ শূন্য হয়েছে। ২০০৭ সাল পর্যন্ত এ ধরনের শূন্যপদের সংখ্যা ছিল ৬৫। এরপর পূর্ন বছর তিন জনের মৃত্যু ও ৯ জনের বদলিজনিত কারণে এই শূন্যপদের সংখ্যা বেড়ে হয়েছে ৭৭। এর মধ্যে প্রথম শ্রেণীর ১০টি, ২য় শ্রেণীর ১০টি, ৩য় শ্রেণীর ৫৬টি এবং চতুর্থ শ্রেণীর ১১টি পদ শূন্য রয়েছে।

বোর্ড সূত্র জানিয়েছে, শূন্যপদ পূরণের জন্য শিক্ষা মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ে দীর্ঘদিন ধরে দেনদরবার করেও কাজ হচ্ছে না। বছরখানেক আগে একবার লোক নিয়োগের বিজ্ঞপ্তি ও দোঁা হয়েছিল। কিন্তু সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন না পাওয়ায় নিয়োগ তো দূরের কথা, নিয়োগ বোর্ড পর্যন্ত গঠন করা যায়নি। সূত্র জানিয়েছে, অর্ধ শতাব্দী পার হলেও সংস্থাপন মন্ত্রণালয় পুরনো ৪টি শিক্ষাবোর্ডকে একত্রে নিয়োগ ও জনবল কাঠামো প্রবিধি তৈরির কথা বলেছে। এই প্রবিধি না হওয়া পর্যন্ত লোক নিয়োগ সম্ভব হবে না বলে জানা গেছে।